

## الْجَامِع

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৮৭ তম নাম ‘الْجَامِع’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْجَامِع’ শব্দের মূল ج - م - ع , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১২৯ বার এসেছে। একত্রিত করা, সংগ্রহ করা, সকলে একত্রিত, দুই বাহিনী মুখোমুখি অবস্থান নেয়া, সমবেতকারী ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْجَامِع অর্থ: ‘তিনি সকলকে একত্রিত করবেন’।

**মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:**

رَبَّنَا إِنَّكَ جَامِعُ النَّاسِ لِيَوْمٍ لَّا رَيْبَ فِيهِ إِنَّ اللَّهَ لَا يُخْلِفُ الْمِيعَادَ ﴿٩﴾

আমাদের প্রভু, নিশ্চয়ই তুমি জমা করবে সকল মানুষকে সেদিন, যে দিনটির (আগমনের ব্যাপারে) কোন সন্দেহ নেই। নিশ্চয়ই আল্লাহ খেলাফ করেন না ওয়াদা। (সূরা আলে ইমরান: আয়াত নং ৯)

يَوْمَ يَجْمَعُكُمْ لِيَوْمِ الْجَمْعِ ذَلِكَ يَوْمُ التَّغَابُنِ ﴿٩﴾

যেদিন তিনি তোমাদের একত্রিত করবেন জমায়াতের দিন। সেটাই হবে হার-জিতের দিন। (সূরা আত তাগাবুন: আয়াত নং ৯)

اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ لِيَجْمَعَنَّكُمْ إِلَى يَوْمِ الْقِيَامَةِ لَا رَيْبَ فِيهِ وَمَنْ أَصْدَقُ مِنَ اللَّهِ حَدِيثًا ﴿٨٧﴾

আল্লাহ তিনি ছাড়া আর কোন ইলাহ নেই। তিনি কেয়ামতের দিন তোমাদের অবশ্যই জমা করবেন, এতে কোনো প্রকার সন্দেহ নেই। আল্লাহর চেয়ে বড় সত্যবাদী আর কে? (সূরা আন নিসা: আয়াত নং ৮৭)

**মুসলিম শরীফের হাদীস:**

জুমুয়ার (অর্থাৎ মুসলিমদের জুমায়ার সালাত) পূর্বে পৃথিবীতে যারা এসেছিল আল্লাহ তাদেরকে নিজ কৃতকর্মের জন্য বিপথগামী করেছিলেন। ইহুদিদের ছিল সাবতের (শনিবার) দিন। খ্রিস্টানদের ছিল রবিবার দিন। আমাদের

আল্লাহ দিয়েছেন জুমুয়ার দিন শুক্রবার। কেয়ামতের দিন তারা আমাদের পেছনে থাকবে। দুনিয়ায় আমরা শেষে এবং আখেরাতে আমরা প্রথম থাকবো।

### তিরমিজি শরীফের হাদীস:

জুমার দিন (শুক্রবার) আসরের পর থেকে সূর্য ডোবার আগ পর্যন্ত আল্লাহর কাছে প্রার্থনা করতে থাকো, আশা করা যায় দোয়া কবুল হবে।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা! মৃত্যুর পর বিচারের দিবসে আল্লাহ আমাদেরকে একত্রিত করবেন, এতে কোন সন্দেহ নেই। দুনিয়ায় আল্লাহর এবাদত ও কল্যাণ কাজ করে পরবর্তী অনন্ত জীবনের জন্য আমরা পাথেয় সঞ্চয় করি।

হে আল্লাহ! আমাদেরকে শিরকমুক্ত ভাবে তোমার পথে চলার তৌফিক দান করো।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহা।